



এক যুগ পর বিশ্বকাপের নকআউট পর্বে জার্মানি



ছবি: সংগৃহীত

দীর্ঘ অপেক্ষার অবসান ঘটিয়ে আবারও বিশ্বকাপের নকআউট পর্বে জায়গা করে নিয়েছে জার্মানি। শনিবার টরন্টোর বিএমও ফিল্ডে আইভরি কোস্টকে ২-১ গোলে হারিয়ে শেষ ৩২ নিশ্চিত করেছে ইউলিয়ান নাগেলসম্যানের দল।

ম্যাচে প্রথমে পিছিয়ে পড়ে জার্মানি। ৩০তম মিনিটে ফ্রাঙ্ক কেসির গোলে এগিয়ে যায় আইভরি কোস্ট। প্রথমার্ধে জার্মানির দুটি গোল ফাউলের কারণে বাতিল হওয়ায় বিরতিতে পিছিয়েই মাঠ ছাড়তে হয় তাদের।

দ্বিতীয়ার্ধে বদলি খেলোয়াড় হিসেবে নেমে ম্যাচের মোড় ঘুরিয়ে দেন দেনিজ উন্দাভ। ৬৮তম মিনিটে নাদিয়েম আমিরির ক্রস থেকে সমতাসূচক গোল করেন তিনি।

এরপর যোগ করা সময়ের চতুর্থ মিনিটে ফেলিক্স নমেচার পাস কাজে লাগিয়ে নিজের দ্বিতীয় গোল করেন উন্দাভ। সেই গোলেই নাটকীয় জয় নিশ্চিত হয় জার্মানির।

২০১৪ সালে বিশ্বকাপ জয়ের পর এবারই প্রথম নকআউট পর্বে উঠতে পারল ডাই মানশাফট। টানা দুটি আসরে গ্রুপ পর্ব থেকেই বিদায় নেওয়ার হতাশাও কাটল তাদের।

ম্যাচ শেষে ডিফেন্ডার জোনাথন তা বলেন, দল শেষ মুহূর্ত পর্যন্ত লড়াই করেছে এবং কেউ হাল ছাড়েনি। অন্যদিকে হারের পরও শেষ ম্যাচে জয় পেলে আইভরি কোস্টের সামনে নকআউটে ওঠার সুযোগ এখনও রয়েছে।